গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২৪৯/২০১৭-১৮

ঢাকা, রোববার, ২৪ জুন ২০১৮, ১০ আষাঢ় ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আওয়ামী লীগ দেশকে আরও বহুদূর এগিয়ে নিতে চায় : সংসদে প্রধানমন্ত্রী

২। জনগণের মন জয় করেই ভোটে জিততে হবে : আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভায় প্রধানমন্ত্রী
আওয়ামী লীগের নবনির্মিত কেন্দ্রীয় কার্যালয় উদ্বোধন

৩। ২০১০ সাল থেকে সারাদেশে ১ হাজার ৬২৪টি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত : সংসদে শিক্ষামন্ত্রী

৪। হিজড়াদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দেয়া হচ্ছে : সংসদে সমাজকল্যাণমন্ত্রী

৫। মিরপুরে বস্তিবাসীদের জন্য ১১ হাজার ফ্ল্যাট নির্মাণ করা হচ্ছে : সংসদে গৃহায়নমন্ত্রী

৬। মুক্তিযোদ্ধাদের শতভাগ চিকিৎসা ব্যয় বহন করবে সরকার : সংসদে মুক্তিযুদ্ধবিষয়কমন্ত্রী

৭। কৃষিখাতের উন্নয়নে গবেষণার দিকে নজর দিতে হবে : বাজেট পর্যালোচনা সেমিনারে অর্থমন্ত্রী

৮। মাদক নিয়ন্ত্রণে প্রয়োজন সামাজিক সচেতনতা : কমিউনিটি হাসপাতাল উদ্বোধনকালে সমাজকল্যাণমন্ত্রী

৯। তিন বছরে ৪৩৩ কোটি মার্কিন ডলার ঋণ দেবে এডিবি

১০। জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল আসছেন আজ

চলমান পাতা-২

**১।	আওয়ামী লীগ দেশকে আরও বহুদূর এগিয়ে নিতে চায় : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আওয়ামী লীগের ওপর আস্থা-বিশ্বাস রাখার জন্য দেশবাসীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেছেন, তাঁর দল আওয়ামী লীগ বাংলাদেশকে আরও অনেকদূর এগিয়ে নিয়ে যাবে। বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশের প্রতিষ্ঠা পেয়েছে, ডিজিটাল বাংলাদেশ পেয়েছে, আমরা মহাকাশে স্যাটেলাইট উৎক্ষেপণ করেছি। তাই সরকারের ধারাবাহিকতা অব্যাহত থাকলে আমরা প্রতিটি গ্রামকে নগরে পরিণত করতে সক্ষম হব, গ্রামের মানুষকে নাগরিক সুবিধা দিতে পারব। বাংলাদেশ এগিয়ে যাচ্ছে, এগিয়ে যাবে। গতকাল (২৩ জুন শনিবার) রাতে জাতীয় সংসদ অধিবেশনে আওয়ামী লীগের ৬৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে প্রদত্ত বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬)।

**২।	জনগণের মন জয় করেই ভোটে জিততে হবে : আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভায় প্রধানমন্ত্রী**
আওয়ামী লীগের নবনির্মিত কেন্দ্রীয় কার্যালয় উদ্বোধন

জনগণের মন জয় করেই আগামী নির্বাচনে জয়লাভের প্রস্তুতি নেওয়ার জন্য নেতাকর্মী ও দলীয় এমপিদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২৩ জুন শনিবার) প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভায় প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। তিনি বলেন, যাকেই নৌকার প্রার্থী করা হবে; তার পক্ষেই ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। জনগণের কাছে সরকারের উন্নয়ন কাজ তুলে ধরতে হবে। দলের ৬৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত এই বর্ধিত সভার আগে প্রধানমন্ত্রী নেতাকর্মীদের নিয়ে ধানমণ্ডির বঙ্গবন্ধু ভবন প্রাঙ্গণে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন এবং বঙ্গবন্ধু এভিনিউয়ে দলের নবনির্মিত কেন্দ্রীয় কার্যালয় ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)। **জনকণ্ঠ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩।	২০১০ সাল থেকে সারাদেশে ১ হাজার ৬২৪টি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত : সংসদে শিক্ষামন্ত্রী**

বর্তমান সরকারের আমলে ২০১০ সাল থেকে সারাদেশে ১ হাজার ৬২৪টি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হয়েছে। এতে বিপুলসংখ্যক শিক্ষক-কর্মচারীর কর্মসংস্থানসহ শিক্ষার্থীদের লেখাপড়ার সুযোগ সৃষ্টি হয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল (২৩ জুন শনিবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এ তথ্য জানান। অপর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী দীর্ঘদিন একই কর্মস্থলে থাকা শিক্ষকদের মধ্যে কোচিং বাণিজ্যে জড়িয়ে পড়ার প্রবণতা রয়েছে মন্তব্য করে এ শিক্ষকদের বদলি/পদায়নের কার্যক্রম চলছে বলেও জানান। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

**৪।	হিজড়াদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দেয়া হচ্ছে : সংসদে সমাজকল্যাণমন্ত্রী**

হিজড়াদের কর্মসংস্থানের জন্য তাদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দেয়া হচ্ছে বলে জানিয়েছেন সমাজকল্যাণমন্ত্রী রাশেদ খান মেনন। গতকাল (২৩ জুন শনিবার) জাতীয় সংসদে এক প্রশ্নের উত্তরে তিনি এ তথ্য জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.১৪,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.৮)।

**৫।	মিরপুরে বস্তিবাসীদের জন্য ১১ হাজার ফ্ল্যাট নির্মাণ করা হচ্ছে : সংসদে গৃহায়নমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন জানিয়েছেন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে রাজধানীর মিরপুরে বস্তিবাসীদের জন্য ১১ হাজার ফ্ল্যাট নির্মাণ করা হচ্ছে। এর মধ্যে ৫৩৩টি ফ্ল্যাটের নির্মাণ কাজ শুরু হয়েছে। এছাড়া আলাদা দুটি প্রকল্পে বস্তিবাসী ও স্বল্প আয়ের মানুষের জন্য ভাড়াভিত্তিক আরও ১০ হাজার ৫৩০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে। গতকাল (২৩ জুন শনিবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে তিনি এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৮), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

৬। মুক্তিযোদ্ধাদের শতভাগ চিকিৎসা ব্যয় বহন করবে সরকার : সংসদে মুক্তিযুদ্ধবিষয়কমন্ত্রী

মুক্তিযুদ্ধবিষয়কমন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেন, আগামী জুলাই থেকে মুক্তিযোদ্ধাদের শতভাগ চিকিৎসা ব্যয় বহন করবে সরকার। গতকাল (২৩ জুন শনিবার) জাতীয় সংসদে বাজেট আলোচনায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৫,ক.৬), **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

৭। কৃষিখাতের উন্নয়নে গবেষণার দিকে নজর দিতে হবে : বাজেট পর্যালোচনা সেমিনারে অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, কৃষিখাতের উন্নয়নের জন্য আমাদের গবেষণার দিকে নজর দিতে হবে। সে সঙ্গে গবেষণার ফলাফল যাতে দ্রুত কৃষকদের কাছে পৌঁছতে পারে সেই পদক্ষেপ নিতে হবে। গত ২২ জুন শুক্রবার রাজধানীর ফার্মগেটে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে '২০১৮-১৯ অর্থবছরের প্রস্তাবিত বাজেট পর্যালোচনা' শীর্ষক সেমিনারে অর্থমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১)।

৮। মাদক নিয়ন্ত্রণে প্রয়োজন সামাজিক সচেতনতা : কমিউনিটি হাসপাতাল উদ্বোধনকালে সমাজকল্যাণমন্ত্রী

সমাজকল্যাণমন্ত্রী রাশেদ খান মেনন বলেছেন, মাদক নিয়ন্ত্রণে দরকার সামাজিক সচেতনতার। মন্ত্রী বলেন, আমাদের দেশে ৭০ লাখ মানুষ মাদকাসক্ত। এর মধ্যে শতকরা ১০ ভাগ নারী। মাদকের বিষয়ে সচেতনতা না বাড়ালে এর ভয়াবহ ছোবলে দেশের যুবসমাজ ধ্বংস হয়ে যাবে। গতকাল (২৩ জুন শনিবার) পাবনা শহরের নূরপুর বাইপাস এলাকায় ২৫০ শয্যার পাবনা কমিউনিটি হেলথ অ্যান্ড হার্ট হাসপাতালের উদ্বোধনকালে এসব কথা বলেন মন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৪), **ইনকিলাব** (পৃ.৪,ক.২), **নিউ নেশন** (পৃ.১৩,ক.৬)।

৯। তিন বছরে ৪৩৩ কোটি মার্কিন ডলার ঋণ দেবে এডিবি

বাংলাদেশে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) বিনিয়োগ ক্রমাগত বাড়ছে। আগামী তিন বছরে ২০১৯-২১ সাল পর্যন্ত এ উন্নয়ন সহযোগী সংস্থা ৪৩৩ কোটি মার্কিন ডলার ঋণ দেবে। নতুন কান্ট্রি অপারেশন বিজনেস প্ল্যানে বিনিয়োগের এ লক্ষ্যমাত্রা ঘোষণা করেছে সংস্থাটি। মূলত ছয়টি খাতকে গুরুত্ব দিয়ে আগামী তিন বছরের ঋণ পরিকল্পনা সাজিয়েছে এডিবি। গুরুত্ব পাওয়া খাতগুলো হলো- জ্বালানি, পরিবহণ, শিক্ষা, পানি ও নাগরিক সেবা, কৃষি, প্রাকৃতিক সম্পদ ও গ্রামীণ উন্নয়ন এবং আর্থিক খাত। এর আগে ২০১৮-২০ সাল পর্যন্ত তিন বছরে এডিবির ঋণের প্রতিশ্রুতি ছিল ৩৯৭ কোটি ৩০ লাখ মার্কিন ডলার। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৪)।

১০। জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল আসছেন আজ

জাতিসংঘের শান্তিরক্ষা মিশন পরিচালনা বিভাগের প্রধান ও আন্ডার সেক্রেটারি জেনারেল জঁ পিয়েরে ল্যাক্রোয়ার নেতৃত্বে পাঁচ সদস্যবিশিষ্ট উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধিদল বাংলাদেশ সফরে আসছে আজ ২৪ জুন রোববার। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের শান্তিরক্ষীদের প্রস্তুতি, প্রশিক্ষণ ও সার্বিক তৎপরতা পর্যবেক্ষণ এবং এ-সংক্রান্ত সম্যক ধারণা অর্জনই এ সফরের মূল উদ্দেশ্য। এছাড়াও প্রতিনিধিদল প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী, তিনবাহিনী প্রধান ও পুলিশের মহাপরিদর্শকের সঙ্গে সাক্ষাৎ করবেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, ভোরের কাগজ :** গত ২৪ ঘন্টায় ১০ জেলায় সড়ক দুর্ঘটনায় ৩৭ জনের প্রাণহানির ঘটনায় উদ্বেগ প্রকাশ করে সড়ক দুর্ঘটনা রোধে কঠোর পদক্ষেপ কামনা।

খ. **প্রথম আলো :** সামান্য বৃষ্টিতেই রাজধানীতে যে জলাবদ্ধতার সৃষ্টি হয় তার জন্য খালগুলো ভরাট হয়ে যাওয়া অন্যতম কারণ উল্লেখ করে নালা-নর্দমাগুলো পরিষ্কার রাখার ওপর গুরুত্বারোপ।

গ. **যায়যায়দিন :** ঈদের পরে আবারও নিত্যপণ্যের বাজার অস্থির হয়ে ওঠার খবরে উদ্বেগ প্রকাশ করে বাজার স্থিতিশীল রাখতে যথাযথ পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **ইনকিলাব, ডেইলি সান :** দক্ষিণ এশিয়ার মিঠাপানির মাছের একমাত্র প্রাকৃতিক প্রজননক্ষেত্র হালদা নদী শিল্প-কারখানার বর্জ্য ও কেমিক্যালের অব্যাহত পতনে ব্যাপকভাবে দূষিত হয়ে পড়েছে উল্লেখ করে এ ব্যাপারে কর্তৃপক্ষকে নজর দেওয়ার সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের মানুষের পুষ্টি চাহিদা পূরণে বেশি করে নানা জাতের দেশি ফলের গাছ লাগানোর আহ্বান।

চ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** কৃষিখাতের উন্নয়নে বাজেটে এ খাতে আরও বরাদ্দ বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউ নেশন** : বিদেশে অভিবাসী শ্রমিকরা যাতে সুষ্ঠুভাবে কাজের সুবিধা পান সেদিকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নজর দেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সুষম উন্নয়নের জন্য স্থানীয় সরকার নির্বাচনসহ সব নির্বাচনই যেমন গুরুত্বপূর্ণ, তেমনি নিজেদের পছন্দমতো প্রতিনিধি নির্বাচনে মানুষের অধিকারের বিষয়টিও সমভাবেই গুরুত্বপূর্ণ।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'প্রসঙ্গে : ছাত্র-শিক্ষক সম্পর্ক'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সরকারি বিধিবিধান যথাযথভাবে প্রতিপালন করে শিক্ষার পবিত্র অঙ্গন হয়ে উঠুক শিশু-কিশোরদের বেড়ে ওঠার নিরাপদ ঠিকানা, যে ঠিকানা নিশ্চিত করবে আনন্দময় শৈশব ও নিরাপদ ভবিষ্যৎ।

#

খাদীজা/শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা